

# তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের সিএসআর কার্যক্রমের ষান্মাসিক প্রতিবেদন।

## (জুলাই-ডিসেম্বর, ২০১৮)




সাসটেইনেবল ফাইন্যান্স ডিপার্টমেন্ট
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

## ১. ভূমিকাঃ

টেকসই উন্নয়নের ধারা বজায় রাখার ক্ষেত্রে কর্পোরেট সামাজিক দায়বদ্ধতা (সিএসআর) বর্তমান বিশ্বে ব্যবসায়িক ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ উপাদান। কর্পোরেট সামাজিক দায়বদ্ধতা (সিএসআর) হল এক ধরণের ব্যবসায়িক শিষ্টাচার বা রীতি যা সমাজের প্রতি ব্যবসা প্রতিষ্ঠানের দায়িত্ব পালনকে ব্যবসার নিয়মের মধ্যে অর্ন্তভুক্ত করে। ব্যবসা প্রতিষ্ঠান কর্তৃক পরিচালিত কার্যক্রমের ফলে উদ্ভূত নানারকম পরিবেশগত বিরূপ প্রভাব দূরীকরণ এবং সমাজের বিভিন্ন শ্রেণীর মধ্যে বিদ্যমান ক্ষোভ, অসমতা ও দারিদ্র্য কমানো সিএসআর এর মূল উদ্দেশ্য। বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রথম জুন ০১, ২০০৮ তারিখে (ডিওএস সার্কুলার নং- ০১ঃ Mainstreaming CSR in Banks and Financial Institutions in Bangladesh) দেশে কার্যরত ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহে সিএসআর মূলধারাকে অর্ন্তভুক্ত করে সিএসআর হিসেবে অর্থ ব্যয়ের দিক নির্দেশনা দেয়া হয়। সিএসআর একটি স্বপ্রণোদিত কার্যক্রম হলেও এটি বর্তমানে ক্যামেলস রেটিং এ দক্ষ ব্যাংক ব্যবস্থাপনার একটি নির্ণায়ক হিসেবে পরিগণিত হচ্ছে । ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ কর্তৃক সঠিকভাবে বাছাইকৃত/গৃহীত এবং সম্পাদিত সিএসআর কার্যক্রম দীর্ঘমেয়াদে উক্ত ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানকে ব্যবসায়িক প্রতিযোগিতামূলক অবস্থানে সুসংহত করতে পারে। এতদ্ভিন্ন, তা পরিবেশগত নিরাপত্তা, কর্মকর্তা/কর্মচারীদের প্রতিষ্ঠানের প্রতি আনুগত্য ও অর্পিত দায়িত্ব পালনে অঙ্গীকারবদ্ধতা বৃদ্ধি এবং প্রকৃত ও সম্ভাব্য কাস্টমার ভিত্তি বৃদ্ধিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে।

## ২. সিএসআর খাত বিভাজন ও ব্যয়ের হারঃ

বাংলাদেশ ব্যাংক ২২ ডিসেম্বর ২০১৪ তারিখে আর্থিক খাতের সিএসআর এর বাজেট বন্টন ও প্রান্তিক ব্যবহার পর্যবেক্ষণে একটি নির্দেশনামূলক নীতিমালা (জিবিসিএসআরডি সার্কুলার নং-০৭ ঃIndicative guidelines for CSR expenditure allocation and end use oversight) জারি করেছে। এ নীতিমালায় সিএসআর কার্যক্রমের জন্য প্রশাসনিক কাঠামো, বাজেট বন্টন, প্রত্যাশিত পরিধি এবং সিএসআর ব্যয় ও প্রান্তিক ব্যবহার পরিবীক্ষণ বিষয়ক সুনির্দিষ্ট বর্ণনা প্রদান করা হয়েছে। তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ তাদের কর-পরবর্তী নীট মুনাফার অংশ হতে সিএসআর হিসেবে ব্যয় করতে পারবে এবং সিএসআর ব্যয়ের প্রায় ৩০% শিক্ষা খাতে এবং ২০% স্বাস্থ্য খাতে ব্যয় করা যাবে (জিবিসিএসআরডি সার্কুলার নং-০৭/২০১৪) । এছাড়া পরবর্তীতে অপর একটি সার্কুলার জারির মাধ্যমে (জিবিসিএসআরডি সার্কুলার নং-০৪, তারিখ: জুলাই ০৯, ২০১৫) তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের সিএসআর ব্যয়ের ১০% জলবায়ু ঝুঁকি তহবিল খাতে ব্যয়ের পরামর্শ প্রদান করা হয়। কোন ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের সিএসআর কার্যক্রম গ্রহণ বাধ্যতামূলক নয়; বরং স্বেচ্ছামূলক অংশগ্রহণ হিসেবে পরিগণিত হওয়ায় উল্লিখিত খাতসমূহে নির্ধারিত সীমা পর্যন্ত সিএসআর কার্যক্রম গ্রহণ বাধ্যতামূলক নয়। উক্ত সার্কুলার পরবর্তী সময়ে বাংলাদেশ ব্যাংক জিবিসিএসআরডি সার্কুলার লেটার নং- ০৬/২০১৫ এর মাধ্যমে Social Projects ও Community Investment এর আওতায় চিত্র-১ এ বর্ণিত আলাদাভাবে মোট ০৮ (আট) টি খাত চিহ্নিত করে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহকে খাতসমূহের আওতায় সিএসআর ব্যয় রিপোর্ট করার জন্য নির্দেশনা প্রদান করেছে ।




চিত্র-১: সিএসআর এর খাতসমূহ

## ৩. জুলাই-ডিসেম্বর, ২০১৮ ষান্মাষিক ভিত্তিক সিএসআর ব্যয়ঃ

ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ সমন্বিতভাবে জুলাই-ডিসেম্বর, ২০১৮ ষান্মাসিকে টাকা ২৭৯.৯৭ কোটি ( টাকা দুইশত ঊনআশি কোটি সাতানব্বই লক্ষ মাত্র) সিএসআর বাবদ অর্থ ব্যয় করেছে তন্মধ্যে ব্যাংকসমূহ কর্তৃক ব্যয় করা হয়েছে টাকা ২৭৭.৫০ কোটি (টাকা দুইশত সাতাত্তর কোটি পঞ্চাশ লক্ষ মাত্র) এবং আর্থিক প্রতিষ্ঠানসমূহ কর্তৃক ব্যয় করা হয়েছে টাকা ২.৪৭ কোটি (টাকা দুই কোটি সাতচল্লিশ লক্ষ মাত্র)। ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ কর্তৃক দাখিলকৃত সিএসআর কার্যক্রম সংক্রান্ত জুলাই-ডিসেম্বর, ২০১৮ ভিত্তিক বিবরণী পর্যালোচনাপূর্বক সার্বিক অবস্থা এ প্রতিবেদনে তুলে ধরা হলো।

### ৩.১. তফসিলি ব্যাংকসমূহের জুলাই-ডিসেম্বর, ২০১৮ ষান্মাষিক ভিত্তিক সিএসআর কার্যক্রমঃ


দেশে কার্যরত তফসিলি ব্যাংকসমূহ কর্তৃক তাদের কর্পোরেট সামাজিক দায়বদ্ধতার আওতায় জুলাই-ডিসেম্বর, ২০১৮ ষান্মাষিকে সিএসআর খাতে ব্যয়ের পরিমাণ সর্বমোট টাকা ২৭৭.৫০ কোটি (টাকা দুইশত সাতাত্তর কোটি পঞ্চাশ লক্ষ মাত্র)। প্রবাসী কল্যাণ ব্যাংক ও নতুন গঠিত কমিউনিটি ব্যাংক বাংলাদেশ লিঃ ব্যতীত অন্য ৫৭ টি ব্যাংক ব্যাংকসমূহ কর্তৃক সিএসআর কার্যক্রম সংক্রান্ত দাখিলকৃত জুলাই-ডিসেম্বর, ২০১৮ ভিত্তিক ষান্মাসিক বিবরণী পর্যালোচনাপূর্বক সার্বিক অবস্থা ছক-১ এবং চিত্র-২ এর মাধ্যমে তুলে ধরা হলো।

ছক-১ ঃ তফসিলি ব্যাংকসমূহের জুলাই-ডিসেম্বর, ২০১৮ ভিত্তিক সিএসআর কার্যক্রমের ষান্মাসিক বিবরণী (কোটি টাকায়)

| ক্রম | তফসিলি ব্যাংকসমূহের নাম | শিক্ষা | স্বাস্থ্য | দুর্যোগ ব্যবস্থাপনা | পরিবেশ | সংস্কৃতি | অব-কাঠামো উন্নয়ন | আয় উৎসারী | অন্যান্য | মোট | শিক্ষা হার (%) | স্বাস্থ্য হার (%) | জলবায়ু ঝুঁকি তহবিল হার (%) (৩+৪) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ |
| ১ | সোনালী ব্যাংক লিঃ | ০.৩৮ | ০.৬৫ | ০.৫০ | - | - | ০.০৩ | ০.০২ | ০.৩২ | ১.৯০ | ২০.০০ | ৩৪.২১ | ২৬.৩২ |
| ২ | জনতা ব্যাংক লিঃ | ০.০১ | ০.১৪ | - | - | - | - | - | ০.০৬ | ০.২১ | ৪.৭৬ | ৬৬.৬৭ | - |
| ৩ | অগ্রণী ব্যাংক লিঃ | - | - | - | - | - | - | - | - | - | - | - | - |
| ৪ | রূপালী ব্যাংক লিঃ | ০.১৬ | ০.২২ | - | - | ০.২২ | - | ০.১৪ | ০.০৫ | ০.৭৯ | ২০.২৫ | ২৭.৮৫ | - |
| ৫ | বেসিক ব্যাংক লিঃ | - | - | - | - | - | - | - | ০.১০ | ০.১০ | - | - | - |
| ৬ | বাংলাদেশ কৃষি ব্যাংক | - | - | - | - | - | - | - | - | - | - | - | - |
| ৭ | রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক | - | - | - | - | - | - | - | - | - | - | - | - |
| ৮ | বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিঃ | - | - | - | - | - | - | - | - | - | - | - | - |
| ৯ | এবি ব্যাংক লিঃ | ০.০১ | ০.০৫ | ৩.৪১ | - | ০.৫৫ | - | - | ০.০৮ | ৪.১০ | ২৪.০০ | ১.২২ | ৮৩.১৭ |
| ১০ | আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক লিঃ | ০.৮৩ | ১.১৮ | - | ০.১৬ | ০.৫৯ | - | - | ০.৮৪ | ৩.৬০ | ২৩.০৬ | ৩২.৭৮ | - |
| ১১ | ব্যাংক এশিয়া লিঃ | ২.৭৮ | ০.১১ | ১.৫৭ | - | ০.৬৭ | - | - | ৩.৩৮ | ৮.৫১ | ৩২.৬৭ | ১.২৯ | ১৮.৪৫ |
| ১২ | বাংলাদেশ কমার্স ব্যাংক লিঃ | - | - | - | - | - | ০.৭২ | - | - | ০.৭২ | - | - | - |
| ১৩ | ব্র্যাক ব্যাংক লিঃ | ০.৮৯ | ০.২৪ | ১.৮৮ | - | ০.২০ | - | - | ০.০৯ | ৩.৩০ | ২৬.৯৭ | ৭.২৭ | ৫৬.৯৭ |
| ১৪ | ঢাকা ব্যাংক লিঃ | ০.৩১ | ০.৮৬ | ২.০০ | - | ১.৭৬ | - | - | ০.০১ | ৪.৯৪ | ৬.২৮ | ১৭.৪১ | ৪০.৪৯ |
| ১৫ | ডাচ-বাংলা ব্যাংক লিঃ | ২৬.২৭ | ৬.৭৫ | ০.৭৭ | ০.০৭ | - | ০.২০ | - | ০.৩১ | ৩৪.৩৭ | ৭৬.৪৩ | ১৯.৬৪ | ২.৪৪ |
| ১৬ | ইস্টার্ন ব্যাংক লিঃ | ০.০১ | - | ১.৯৯ | - | - | - | - | - | ২.০০ | ০.৫০ | - | ৯৯.৫০ |
| ১৭ | পদ্মা ব্যাংক লিঃ | - | - | ০.২৫ | - | - | - | - | - | ০.২৫ | - | - | ১০০.০০ |
| ১৮ | এক্সিম ব্যাংক লিঃ | ৩.২৩ | ৪.৪৬ | ১৯.৪৪ | - | ০.৩০ | - | - | ০.৩৬ | ২৭.৭৯ | ১১.৬২ | ১৬.০৪ | ৬৯.৯৫ |
| ১৯ | ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক লিঃ | ০.৯০ | ০.২২ | ৮.৫৯ | ০.২৫ | ২.৯৬ | - | - | - | ১২.৯২ | ৬.৯৭ | ১.৭০ | ৬৮.৪২ |
| ২০ | আইসিবি ইসলামিক ব্যাংক লিঃ | - | - | - | - | - | - | - | - | - | - | - | - |
| ২১ | আইএফআইসি ব্যাংক লিঃ | ১.১৫ | ২.২১ | - | - | ০.৫৩ | - | - | ০.০৪ | ৩.৯৩ | ২৯.২৬ | ৫৬.২৩ | - |
| ২২ | ইসলামী ব্যাংক বাংলাদেশ লিঃ | ৪.৯১ | ১.৬২ | - | - | - | - | - | ০.০১ | ৬.৫৪ | ৭৫.০৮ | ২৪.৭৭ | - |

## ছক-১ ঃ তফসিলি ব্যাংকসমূহের জুলাই-ডিসেম্বর, ২০১৮ ভিত্তিক সিএসআর কার্যক্রমের ষান্মাসিক বিবরণী (চলমান) (কোটি টাকায়)

| ক্রম | তফসিলি ব্যাংকসমূহের নাম | শিক্ষা | স্বাস্থ্য | দুর্যোগ ব্যবস্থাপনা | পরিবেশ | সংস্কৃতি | অব-কাঠামো উন্নয়ন | আয় উৎসারী | অন্যান্য | মোট | শিক্ষা হার (%) | স্বাস্থ্য হার (%) | জলবায়ু ঝুঁকি তহবিল হার (%) (৩+৪) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ |
| ২৩ | যমুনা ব্যাংক লি: | ০.৮১ | ১.২৭ | ১.৪০ | - | ০.৫৭ | - | - | ০.৩১ | ৪.৩৬ | ১৮.৫৮ | ২৯.১৩ | ৩২.১১ |
| ২৪ | মেঘনা ব্যাংক লি: | - | - | ০.৬৪ | - | - | - | - | - | ০.৬৪ | - | - | ১০০.০০ |
| ২৫ | মার্কেন্টাইল ব্যাংক লি: | ১.৫১ | ০.৩৬ | - | - | ০.৫৪ | - | - | ০.২২ | ২.৬৩ | ৫৭.৪৬ | ১৩.৬৯ | - |
| ২৬ | মিডল্যান্ড ব্যাংক লি: | ০.০৪ | - | ০.০২ | - | - | - | - | ০.০২ | ০.০৮ | ৫০.০০ | - | ২৫.০০ |
| ২৭ | মধুমতি ব্যাংক লি: | ০.৬৫ | ০.১০ | ০.২৫ | - | - | - | ০.১৩ | - | ১.১৩ | ৫৭.৫২ | ৮.৮৫ | ২২.১২ |
| ২৮ | মিউচুয়াল ট্রাস্ট ব্যাংক লি: | ০.২৫ | ০.২১ | - | - | ০.৫৩ | - | - | ০.০২ | ১.০১ | ২৪.৭৫ | ২০.৭৯ | - |
| ২৯ | ন্যাশনাল ব্যাংক লি: | ১.৫০ | ০.১০ | ৮.০৯ | - | ৯.৭৭ | - | - | ০.৫৪ | ২০.০০ | ৭.৫০ | ০.৫০ | ৪০.৪৫ |
| ৩০ | এনসিসি ব্যাংক লি: | ০.৭৬ | ০.৫৭ | - | - | ০.৬১ | - | - | ০.১৪ | ২.০৮ | ৩৬.৫৪ | ২৭.৪০ | - |
| ৩১ | এনআরবি ব্যাংক লি: | ০.০৭ | ০.০১ | ০.৫০ | - | ০.০৫ | - | - | - | ০.৬৩ | ১১.১১ | ১.৫৯ | ৭৯.৩৭ |
| ৩২ | এনআরবি কমার্শিয়াল ব্যাংক লি: | ০.০২ | ০.১০ | ০.৬৪ | - | ০.২৪ | - | - | ০.৬৪ | ১.৬৪ | ১.২২ | ৬.১০ | ৩৯.০২ |
| ৩৩ | এনআরবি গ্লোবাল ব্যাংক লি: | ০.০১ | ০.০১ | ০.৫৬ | - | ০.৭২ | - | - | - | ১.৩০ | ০.৭৭ | ৭৭.০০ | ৪৯.২৩ |
| ৩৪ | ওয়ান ব্যাংক লি: | ১.০৫ | ০.০১ | ২.৪৮ | - | ০.৫৪ | - | - | ০.১০ | ৪.১৮ | ২৫.১২ | ২৪.০০ | ৫৯.৩৩ |
| ৩৫ | প্রাইম ব্যাংক লি: | ৫০.৪৪ | ৩.১৮ | ২.৬৮ | - | ০.৫৪ | - | - | ১.৪৩ | ৫৮.২৭ | ৮৬.৫৬ | ৫.৪৬ | ৪.৬০ |
| ৩৬ | পূবালী ব্যাংক লি: | ০.২৬ | ০.৪৪ | ০.৫৪ | - | ০.০১ | - | - | ০.১৫ | ১.৪০ | ১৮.৫৭ | ৩১.৪৩ | ৩৮.৫৭ |
| ৩৭ | সাউথ বাংলা এগ্রিকালচার এ্যান্ড কমার্স ব্যাংক লি: | - | - | - | - | - | - | - | ৬.৬৭ | ৬.৬৭ | - | - | - |
| ৩৮ | শাহজালাল ইসলামী ব্যাংক লি: | ০.৯৯ | - | ০.৩০ | - | - | - | - | ৩.৭৭ | ৫.০৬ | ১৯.৬০ | - | ৫.৯৩ |
| ৩৯ | স্যোসাল ইসলামী ব্যাংক লি: | ০.২০ | ০.১৫ | - | ০.৬২ | ২.০৪ | - | - | - | ৩.০১ | ৬.৬৪ | ৪.৯৮ | ২০.৬০ |
| ৪০ | সাউথইস্ট ব্যাংক লি: | ২.৬১ | ০.৩৫ | ২.৮৮ | - | ১.০৩ | - | ০.০৮ | ০.০৯ | ৭.০৪ | ৩৬.৮৬ | ৪.৯৭ | ৪০.৯১ |
| ৪১ | স্ট্যান্ডার্ড ব্যাংক লি: | ০.৩৩ | ০.০৪ | ০.৩৪ | - | ০.৫৯ | - | - | ০.০৬ | ১.৩৬ | ২৪.২৬ | ২.৯৪ | ২৫.০০ |
| ৪২ | সীমান্ত ব্যাংক লি: | ০.০৫ | - | - | - | - | - | - | - | ০.০৫ | ১০০.০ | - | - |
| ৪৩ | দি সিটি ব্যাংক লি: | ০.০৬ | ০.১৪ | ১.৬৪ | ০.১৮ | - | - | - | - | ২.০২ | ২.৯৭ | ৬.৯৩ | ৯০.১০ |
| ৪৪ | দি প্রিমিয়ার ব্যাংক লি | ০.০৫ | ০.২১ | ৬.৫২ | - | ০.৫৪ | - | - | - | ৭.৩২ | ০.৬৮ | ২.৮৭ | ৮৯.০৭ |
| ৪৫ | ট্রাস্ট ব্যাংক লি: | ০.০১ | - | ৫.০০ | - | - | - | - | ০.০৬ | ৫.০৭ | ০.২০ | - | ৯৮.৬২ |
| ৪৬ | ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লি: | ০.০১ | ০.০৪ | ৫.০০ | - | ০.৫৫ | - | - | ০.৫২ | ৬.১২ | ০.১৬ | ০.৬৫ | ৮১.৭০ |
| ৪৭ | ইউনিয়ন ব্যাংক লি: | ০.৬১ | ০.০৫ | ২.২৪ | - | ০.০২ | - | - | ০.৮৪ | ৩.৭৬ | ১৬.২২ | ১.৩৩ | ৫৯.৫৭ |
| ৪৮ | উত্তরা ব্যাংক লি: | ০.০১ | ০.৫০ | ১.৭৯ | - | ০.৫৪ | - | - | ০.০৯ | ২.৯৩ | ০.৩৪ | ১৭.০৬ | ৬১.০৯ |
| ৪৯ | ব্যাংক আল-ফালাহ লি: | ০.১০ | ০.০৯ | - | - | - | - | - | ০.১৯ | ০.৩৮ | ৫২.৬৩ | ৪৭.৩৬ | - |
| ৫০ | কমার্শিয়াল ব্যাংক অব সিলন পিএলসি | ০.০৫ | ০.০৫ | ০.০৩ | - | - | - | - | - | ০.১৩ | ৩৮.৪৬ | ৩৮.৪৬ | ২৩.০৮ |
| ৫১ | সিটিব্যাংক এন.এ. | ০.৯০ | - | - | - | ০.১৯ | - | - | ০.৮৯ | ১.৯৮ | ৪৫.৪৫ | - | - |
| ৫২ | হাবিব ব্যাংক লি: | ০.০১ | - | - | - | - | - | - | - | ০.০১ | ১০০.০ | - | - |
| ৫৩ | এইচএসবিসি | ০.৪৩ | ০.২৮ | - | ০.৫০ | ০.০৫ | - | - | - | ১.২৬ | ৩৪.১২ | ২২.২২ | ৩৯.৬৮ |
| ৫৪ | ন্যাশনাল ব্যাংক অব পাকিস্তান | - | - | - | - | - | - | - | - | - | - | - | - |
| ৫৫ | স্টেট ব্যাংক অব ইন্ডিয়া | - | - | ০.০১ | - | - | - | - | - | ০.০১ | - | - | ১০০.০ |
| ৫৬ | স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক | ২.২১ | ৩.১৮ | ০.০৯ | - | ১.৯৬ | - | - | ০.৫৭ | ৮.০১ | ২৭.৫৯ | ৩৯.৭০ | ১.১২ |
| ৫৭ | উরী ব্যাংক | ০.০২ | - | - | - | - | - | - | - | ০.০২ | ১০০.০ | - | - |
| | সর্বমোট | ১০৭.৮৫ | ৩০.১৫ | ৮৪.০৩ | ১.৭৮ | ২৯.৪০ | ০.৯৫ | ০.৩৭ | ২২.৯৭ | ২৭৭.৫০ | | | |
| | শতকরা হার (%) | ৩৮.৮৬ | ১০.৮৬ | ৩০.২৮ | ০.৬৫ | ১০.৫৯ | ০.৩৪ | ০.১৪ | ৮.২৮ | ১০০.০০ | | | |




বিশ্লেষণ:

- ছক-১ ও চিত্র-২ অনুযায়ী দেশে কার্যরত তফসিলি ব্যাংকসমূহ কর্তৃক তাদের কর্পোরেট সামাজিক দায়বদ্ধতার আওতায় জুলাই-ডিসেম্বর, ২০১৮ ষান্মাষিকে সর্বোচ্চ ব্যয় করা হয়েছে শিক্ষা খাতে, যার পরিমাণ টাকা ১০৭.৮৫ কোটি (৩৮.৮৬%) ।
- আলোচ্য ষান্মাষিকে তফসিলি ব্যাংকসমূহের সিএসআর খাতে দ্বিতীয় সর্বোচ্চ ব্যয় ছিল দুর্যোগ ব্যবস্থাপনা খাতে, যার পরিমাণ টাকা ৮৪.০৩ কোটি (৩০.২৮%)।
- এছাড়া স্বাস্থ্য (টাকা ৩০.১৫ কোটি), সংস্কৃতি (টাকা ২৯.৪০ কোটি) এবং অন্যান্য (টাকা ২২.৯৭ কোটি) খাতেও ব্যাংকসমূহ আলোচ্য সময়ে উল্লেখযোগ্য পরিমাণে সিএসআর ব্যয় করেছে ।
- আলোচ্য সময়ে তফসিলি ব্যাংকসমূহের সিএসআর খাতে ব্যয়ের মধ্যে অনুল্লেখযোগ্য ছিল অবকাঠামোগত উন্নয়ন এবং আয় উৎসারী খাত যথাক্রমে টাকা ০.৯৫ কোটি (০.৩৪%) এবং টাকা ০.৩৭ কোটি (০.১৪%)।
- ব্যাংকসমূহ কর্তৃক দাখিলকৃত সিএসআর প্রতিবেদন হতে দেখা গেছে, মাননীয় প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট-এ অনুদান প্রদানসহ শিক্ষাখাতের উন্নয়নে রাজধানীসহ দেশের প্রত্যন্ত অঞ্চলে অবস্থিত শিক্ষা প্রতিষ্ঠানের অবকাঠামো নির্মাণ, কম্পিউটার ল্যাব স্থাপন, বিজ্ঞানাগার স্থাপন, ছাত্র-ছাত্রীদের মাঝে শিক্ষা বৃত্তি প্রদান ইত্যাদি কার্যক্রম শিক্ষা খাতে সিএসআর বাবদ ব্যয় করা হয়েছে ।
- স্বাস্থ্যখাতের আওতায় ঢাকা শহরে অবস্থিত মেডিক্যাল হাসপাতাল ছাড়াও দেশের বিভিন্ন জেলা শহরের হাসপাতালে ব্যাংকসমূহ আধুনিক চিকিৎসা সেবা নিশ্চিতের লক্ষ্যে অবকাঠামো নির্মাণ, যন্ত্রপাতি স্থাপন বাবদ অর্থ ব্যয় ছাড়াও, ব্যাংকসমূহ বিভিন্ন রোগে আক্রান্ত দেশবরেণ্য ব্যক্তিবর্গ থেকে শুরু করে সাধারণ রোগীদের সুচিকিৎসা সেবার ক্ষেত্রে আর্থিক অনুদান স্বাস্থ্য খাতে প্রদর্শন করেছে।
- মাননীয় প্রধামন্ত্রীর ত্রাণ তহবিলে অনুদান প্রদান, শীতবস্ত্র প্রদান এবং পদ্মা নদীর ভাঙ্গনের ফলে শরীয়তপুর জেলার নড়িয়া উপজেলায় ক্ষতিগ্রস্থ জনগোষ্ঠীকে সহায়তা প্রদানে ব্যয়িত সিএসআর ব্যয় ব্যাংকসমূহ দুর্যোগ ব্যবস্থাপনা খাতে প্রদর্শন করেছে।
- ২০০৯ সালে বিডিআর বিদ্রোহের ফলে সৃষ্ট হত্যাকান্ডে শহীদ সেনা পরিবারের সদস্যদের মাঝে এখন পর্যন্ত ব্যাংকসমূহ আর্থিক অনুদান প্রদান করে আসছে যা ব্যাংকসমূহ সিএসআর খাতের অন্যান্য খাতে প্রদর্শন করেছে ।
- ব্যাংকসমূহ তাদের কর্মকর্তা/কর্মচারীদের সন্তানদের জন্য শিশু দিবাযত্ন কেন্দ্র পরিচালনা সংক্রান্ত ব্যয় সিএসআর খাতের অন্যান্য খাতে প্রদর্শন করেছে ।

## ৩.১.২. ব্যাংকওয়ারী সিএসআর ব্যয়

জুলাই-ডিসেম্বর, ২০১৮ ষান্মাষিকে দেশের ব্যাংকওয়ারী সিএসআর ব্যয়ের পরিমাণ এবং মোট ব্যয়ের শতকরা হার ছক-২ এ উল্লেখ করা হলো। জুলাই-ডিসেম্বর, ২০১৮ ষান্মাষিকে দেশের রাষ্ট্রীয় মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকসমূহ সমন্বিতভাবে টাকা ৩.০০ কোটি (মোট ব্যয়ের ১.০৮%) সিএসআর ব্যয় করেছে। অগ্রণী ব্যাংক লিঃ এবং বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিঃ এ খাতে কোন অর্থ ব্যয় করেনি। বেসরকারী বাণিজ্যিক ব্যাংকসমূহের মধ্যে ৩৮ টি ব্যাংক জুলাই-ডিসেম্বর, ২০১৮ ষান্মাষিকে সিএসআর ব্যয় করেছে, যার পরিমাণ মোট টাকা ২৬২.৭৩ কোটি (মোট ব্যয়ের ৯৪.৬৭%) । অপরদিকে, বিদেশী বাণিজ্যিক ব্যাংকসমূহের মধ্যে ০৭ টি ব্যাংক কর্তৃক জুলাই-ডিসেম্বর, ২০১৮ ষান্মাষিকে সিএসআর ব্যয় করা হয়েছে যার পরিমাণ টাকা ১১.৮০ কোটি (মোট ব্যয়ের ৪.২৫%)।

ছক-২ঃ ব্যাংকওয়ারী সিএসআর ব্যয় (কোটি টাকায়)

| ব্যাংকের ধরণ | মোট ব্যয় | শতকরা হার (%) |
|---|---|---|
| রাষ্ট্রীয় মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক (৬) | ৩.০০ | ১.০৮ |
| বিশেষায়িত বাণিজ্যিক ব্যাংক (২) | ০.০০ | ০.০০ |
| বেসরকারী বাণিজ্যিক ব্যাংক (৪০) | ২৬২.৭৩ | ৯৪.৬৭ |
| বিদেশী বাণিজ্যিক ব্যাংক (৯) | ১১.৮০ | ৪.২৫ |
| মোট | ২৭৭.৫০ | ১০০.০০ |

## ৩.১.৩. শিক্ষাখাতে ব্যাংকসমূহের সিএসআর ব্যয়ের হার:

জুলাই-ডিসেম্বর, ২০১৮ ষান্মাষিকে শিক্ষাখাতে তফসিলি ব্যাংকসমূহের মোট সিএসআর ব্যয়ের শতকরা বিন্যাস ছক-৩ এর মাধ্যমে নিম্নে উপস্থাপন করা হলো। জুলাই-ডিসেম্বর, ২০১৮ ষান্মাষিকে দেশের ৫৭টি তফসিলি ব্যাংকের মধ্যে ২১টি ব্যাংক শিক্ষাখাতে নিজস্ব মোট সিএসআর ব্যয়ের ০%-৫% ব্যয় করেছে, এর মধ্যে ১২টি ব্যাংক এ খাতে কোনরূপ ব্যয় করেনি। তাছাড়া, ০৪টি ব্যাংক নিজস্ব মোট সিএসআর ব্যয়ের ৫.০১%-১০%, ০২ টি ব্যাংক নিজস্ব মোট সিএসআর ব্যয়ের ১০.০১%-১৫%, ০৫টি করে মোট ১০টি ব্যাংক যথাক্রমে ১৫.০১%-২০% ও ২০.০১%-২৫% এবং ০৩টি ব্যাংক সিএসআর ব্যয়ের ২৫.০১%-৩০% শিক্ষা খাতে ব্যয় করেছে। অপরদিকে, সিএসআর ব্যয়ের জন্য নির্ধারিত ০৮টি খাতের মধ্যে শিক্ষাখাতে ১৭টি ব্যাংক তাদের নিজস্ব মোট সিএসআর ব্যয়ের ৩০% এর অধিক ব্যয় করেছে।

ছক-৩ ঃ শিক্ষা খাতে তফসিলি ব্যাংকসমূহের মোট সিএসআর ব্যয়ের শতকরা বিন্যাস

| (০-৫)% | (৫.০১-১০)% | (১০.০১-১৫)% | (১৫.০১-২০)% | (২০.০১-২৫)% | (২৫.০১-৩০)% | >৩০% |
|---|---|---|---|---|---|---|
| জনতা ব্যাংক লিঃ, অগ্রণী ব্যাংক লিঃ, বেসিক ব্যাংক লিঃ, বাংলাদেশ কৃষি ব্যাংক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিঃ, বাংলাদেশ কমার্স ব্যাংক লিঃ, ইস্টার্ন ব্যাংক লিঃ, পদ্মা ব্যাংক লিঃ, আইসিবি ইসলামিক ব্যাংক লিঃ, মেঘনা ব্যাংক লিঃ, এনআরবি কমার্শিয়াল ব্যাংক লিঃ, এনআরবি গ্লোবাল ব্যাংক লিঃ, সাউথ বাংলা এগ্রিকালচার এন্ড কমার্স ব্যাংক লিঃ, দি সিটি ব্যাংক লিঃ, দি প্রিমিয়ার ব্যাংক লিঃ, ট্রাস্ট ব্যাংক লিঃ, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, উত্তরা ব্যাংক লিঃ, ন্যাশনাল ব্যাংক অব পাকিস্তান, স্টেট ব্যাংক অব ইন্ডিয়া। | ঢাকা ব্যাংক লিঃ, ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক লিঃ, ন্যাশনাল ব্যাংক লিঃ, সোস্যাল ইসলামী ব্যাংক লিঃ। | এক্সিম ব্যাংক লিঃ, এনআরবি ব্যাংক লিঃ। | সোনালী ব্যাংক লিঃ, যমুনা ব্যাংক লিঃ, পূবালী ব্যাংক লিঃ, শাহজালাল ইসলামী ব্যাংক লিঃ, ইউনিয়ন ব্যাংক লিঃ। | রূপালী ব্যাংক লিঃ, এবি ব্যাংক লিঃ, আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক লিঃ, মিউচুয়াল ট্রাস্ট ব্যাংক লিঃ, স্ট্যান্ডার্ড ব্যাংক লিঃ। | ব্র্যাক ব্যাংক লিঃ, আইএফআইসি ব্যাংক লিঃ, ওয়ান ব্যাংক লিঃ। | ব্যাংক এশিয়া লিঃ, ডাচ-বাংলা ব্যাংক লিঃ, ইসলামী ব্যাংক বাংলাদেশ লিঃ, মার্কেন্টাইল ব্যাংক লিঃ, মিডল্যান্ড ব্যাংক লিঃ, মধুমতি ব্যাংক লিঃ, এনসিসি ব্যাংক লিঃ, প্রাইম ব্যাংক লিঃ, সাউথ ইস্ট ব্যাংক লিঃ, সীমান্ত ব্যাংক লিঃ, ব্যাংক আল-ফালাহ লিঃ, কমার্শিয়াল ব্যাংক অব সিলন পিএলসি, সিটি ব্যাংক এন এ, হাবিব ব্যাংক লিঃ, এইচএসবিসি, স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক, উরি ব্যাংক। |
| ২১টি | ০৪টি | ০২টি | ০৫টি | ০৫টি | ০৩টি | ১৭টি |

### ৩.১.৪. স্বাস্থ্য খাতে ব্যাংকসমূহের সিএসআর ব্যয়ের হার:

জুলাই-ডিসেম্বর, ২০১৮ ষান্মাষিকে স্বাস্থ্য খাতে তফসিলি ব্যাংকসমূহের মোট সিএসআর ব্যয়ের শতকরা বিন্যাস ছক-৪ এ দেখানো হলো । জুলাই-ডিসেম্বর, ২০১৮ ষান্মাষিকে দেশের ৫৭টি তফসিলি ব্যাংকের মধ্যে মোট ৩১টি ব্যাংক তাদের নিজস্ব সিএসআর ব্যয়ের ০%-৫% স্বাস্থ্যখাতে ব্যয় করেছে, যার মধ্যে ২০টি ব্যাংক এ খাতে কোনরূপ অর্থ ব্যয় করেনি। তাছাড়া, ০৫টি ব্যাংক তাদের নিজস্ব মোট সিএসআর ব্যয়ের ৫.০১%-১০%, ০১টি ব্যাংক সিএসআর ব্যয়ের ১০.০১%-১৫% ও ০৪ টি ব্যাংক সিএসআর ব্যয়ের ১৫.০১%-২০% স্বাস্থ্য খাতে ব্যয় করেছে। অপরদিকে, সিএসআর ব্যয়ের জন্য নির্ধারিত ০৮টি খাতের মধ্যে স্বাস্থ্য খাতে ১৬টি ব্যাংক তাদের নিজ সিএসআর ব্যয়ের ২০% এর অধিক ব্যয় করেছে।

| ছক-৪ ঃ স্বাস্থ্য খাতে তফসিলি ব্যাংকসমূহের মোট সিএসআর ব্যয়ের শতকরা বিন্যাস | | | | |
|---|---|---|---|---|
| (০-৫)% | (৫.০১-১০)% | (১০.০১-১৫)% | (১৫.০১-২০)% | >২০% |
| অগ্রণী ব্যাংক লিঃ, বেসিক ব্যাংক লিঃ,বাংলাদেশ কৃষি ব্যাংক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিঃ, এবি ব্যাংক লিঃ, ব্যাংক এশিয়া লিঃ, বাংলাদেশ কমার্স ব্যাংক লিঃ, ইস্টার্ন ব্যাংক লিঃ, পদ্মা ব্যাংক লিঃ, ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক লিঃ, আইসিবি ইসলামিক ব্যাংক লিঃ, মেঘনা ব্যাংক লিঃ, মিডল্যান্ড ব্যাংক লিঃ, ন্যাশনাল ব্যাংক লিঃ, এনআরবি ব্যাংক লিঃ, সাউথ বাংলা এগ্রিকালচার এন্ড কমার্স ব্যাংক লিঃ, শাহজালাল ইসলামী ব্যাংক লিঃ, সোস্যাল ইসলামী ব্যাংক লিঃ, সাউথ ইস্ট ব্যাংক লিঃ, স্ট্যান্ডার্ড ব্যাংক লিঃ, সীমান্ত ব্যাংক লিঃ, দি প্রিমিয়ার ব্যাংক লিঃ, ট্রাস্ট ব্যাংক লিঃ, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, ইউনিয়ন ব্যাংক লিঃ, সিটি ব্যাংক এন এ, হাবিব ব্যাংক লিঃ, ন্যাশনাল ব্যাংক অব পাকিস্তান, স্টেট ব্যাংক অব ইন্ডিয়া, উরি ব্যাংক। | ব্র্যাক ব্যাংক লিঃ, মধুমতি ব্যাংক লিঃ, এনআরবি কমার্শিয়াল ব্যাংক লিঃ, প্রাইম ব্যাংক লিঃ, দি সিটি ব্যাংক লিঃ। | মার্কেন্টাইল ব্যাংক লিঃ। | ঢাকা ব্যাংক লিঃ, ডাচ-বাংলা ব্যাংক লিঃ, এক্সিম ব্যাংক লিঃ, উত্তরা ব্যাংক লিঃ। | সোনালী ব্যাংক লিঃ, জনতা ব্যাংক লিঃ, রূপালী ব্যাংক লিঃ, আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক লিঃ, আইএফআইসি ব্যাংক লিঃ, ইসলামী ব্যাংক বাংলাদেশ লিঃ, যমুনা ব্যাংক লিঃ, মিউচুয়াল ট্রাস্ট ব্যাংক লিঃ, এনসিসি ব্যাংক লিঃ, এনআরবি গ্লোবাল ব্যাংক লিঃ, ওয়ান ব্যাংক লিঃ, পূবালী ব্যাংক লিঃ, ব্যাংক আল-ফালাহ্ লিঃ, কমার্শিয়াল ব্যাংক অব সিলন পিএলসি, এইচএসবিসি, স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক। |
| ৩১টি | ০৫টি | ০১টি | ০৪টি | ১৬টি |

### ৩.১.৫. জলবায়ু ঝুঁকি তহবিল খাতে তফসিলি ব্যাংকসমূহের সিএসআর ব্যয়ের হার:


দুর্যোগ ব্যবস্থাপনা ও পরিবেশ এ দুটি খাত মূলত জলবায়ু ঝুঁকি তহবিল সংশ্লিষ্ট। জুলাই-ডিসেম্বর, ২০১৮ ষান্মাষিকে জলবায়ু ঝুঁকি তহবিল খাতে তফসিলি ব্যাংকসমূহের মোট সিএসআর ব্যয়ের শতকরা বিন্যাস ছক-৫ এর মাধ্যমে নিম্নে উপস্থাপন করা হলো। জুলাই-ডিসেম্বর, ২০১৮ ষান্মাষিকে দেশের ৫৭টি তফসিলি ব্যাংকের মধ্যে মোট ২৬টি ব্যাংকের জলবায়ু ঝুঁকি তহবিল খাতে সিএসআর ব্যয় তাদের নিজ মোট সিএসআর ব্যয়ের ০%-১০%, তন্মধ্যে ২২টি ব্যাংক এ খাতে কোনরূপ অর্থ ব্যয় করেনি। অপরদিকে, ৩১টি ব্যাংক এ খাতে নিজস্ব মোট সিএসআর ব্যয়ের ১০% এর অধিক ব্যয় করেছে।

| ছক-৫ ঃ জলবায়ু ঝুঁকি তহবিল খাতে তফসিলি ব্যাংকসমূহের মোট সিএসআর ব্যয়ের শতকরা বিন্যাস | |
|---|---|
| (০-১০)% | >১০% |
| জনতা ব্যাংক লিঃ, অগ্রণী ব্যাংক লিঃ, রূপালী ব্যাংক লিঃ, বেসিক ব্যাংক লিঃ, বাংলাদেশ কৃষি ব্যাংক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিঃ, আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক লিঃ, বাংলাদেশ কমার্স ব্যাংক লিঃ, ডাচ-বাংলা ব্যাংক লিঃ, আইসিবি ইসলামিক ব্যাংক লিঃ, আইএফআইসি ব্যাংক লিঃ, ইসলামী ব্যাংক বাংলাদেশ লিঃ, মার্কেন্টাইল ব্যাংক লিঃ, মিউচুয়াল ট্রাস্ট ব্যাংক লিঃ, এনসিসি ব্যাংক লিঃ, প্রাইম ব্যাংক লিঃ, , সাউথ বাংলা এগ্রিকালচার এন্ড কমার্স ব্যাংক লিঃ, শাহজালাল ইসলামী ব্যাংক লিঃ, সীমান্ত ব্যাংক লিঃ, ব্যাংক আল-ফালাহ্ লিঃ, সিটি ব্যাংক এন এ, হাবিব ব্যাংক লিঃ, ন্যাশনাল ব্যাংক অব পাকিস্তান, স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক, উরি ব্যাংক। | সোনালী ব্যাংক লিঃ, এবি ব্যাংক লিঃ, ব্যাংক এশিয়া লিঃ, ব্র্যাক ব্যাংক লিঃ, ঢাকা ব্যাংক লিঃ, ইস্টার্ন ব্যাংক লিঃ, পদ্মা ব্যাংক লিঃ, এক্সিম ব্যাংক লিঃ, ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক লিঃ, যমুনা ব্যাংক লিঃ, মেঘনা ব্যাংক লিঃ, মিডল্যান্ড ব্যাংক লিঃ, মধুমতি ব্যাংক লিঃ, ন্যাশনাল ব্যাংক লিঃ, এনআরবি ব্যাংক লিঃ, এনআরবি কমার্শিয়াল ব্যাংক লিঃ, এনআরবি গ্লোবাল ব্যাংক লিঃ, ওয়ান ব্যাংক লিঃ, পূবালী ব্যাংক লিঃ, সোস্যাল ইসলামী ব্যাংক লিঃ, সাউথ ইস্ট ব্যাংক লিঃ, স্ট্যান্ডার্ড ব্যাংক লিঃ, , দি সিটি ব্যাংক লিঃ, দি প্রিমিয়ার ব্যাংক লিঃ, , ট্রাস্ট ব্যাংক লিঃ, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, ইউনিয়ন ব্যাংক লিঃ, উত্তরা ব্যাংক লিঃ, কমার্শিয়াল ব্যাংক অব সিলন পিএলসি, এইচএসবিসি, স্টেট ব্যাংক অব ইন্ডিয়া। |
| ২৬টি | ৩১টি |

### ৩.১.৬. ষান্মাষিক ভিত্তিক খাতওয়ারি ব্যয়ের তুলনামূলক চিত্রঃ

জানুয়ারি-জুন, ২০১৮ ষান্মাসিকে ব্যাংকসমূহ সিএসআর বাবদ ব্যয় করেছে টাকা ৬২৭.১৩ কোটি (টাকা ছয়শত সাতাশ কোটি তের লক্ষ মাত্র) এবং জুলাই-ডিসেম্বর, ২০১৮ ষান্মাসিকে টাকা ২৭৭.৫০ কোটি (টাকা দুইশত সাতাত্তর কোটি পঞ্চাশ লক্ষ মাত্র)। তুলনামূলকভাবে জানুয়ারি-জুন, ২০১৮ ষান্মাসিকের তুলনায় জুলাই-ডিসেম্বর, ২০১৮ ষান্মাসিকে ব্যাংকসমূহ কর্তৃক সিএসআর বাবদ ব্যয় কম হয়েছে । ব্যাংকসমূহের জুলাই-ডিসেম্বর, ২০১৮ এবং জানুয়ারি-জুন, ২০১৮ ষান্মাষিক ভিত্তিক সিএসআর এর খাতওয়ারি ব্যয়ের একটি তুলনা চিত্র-৩ এর মাধ্যমে নিম্নে উপস্থাপন করা হল ।

**চিত্র-৩ ঃ ষান্মাষিক ভিত্তিক ব্যাংকসমূহের সিএসআর এর খাতওয়ারি তুলনামূলক ব্যয়**




| | শিক্ষা | স্বাস্থ্য | দুর্যোগ ব্যবস্থাপনা | পরিবেশ | সংস্কৃতি | অব-কাঠামো উন্নয়ন | আয় উৎসারী | অন্যান্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| জুলাই-ডিসেম্বর/২০১৮ | ১০৭.৮৫ | ৩০.১৫ | ৮৪.০৩ | ১.৭৮ | ২৯.৪০ | ০.৯৫ | ০.৩৭ | ২২.৯৭ |
| জানুয়ারি-জুন/২০১৮ | ২৭২.১৮ | ২১.৫৩ | ২৪৬.৮১ | ১.০১ | ১৫.৬০ | ০.৬০ | ০.৫৮ | ৬৮.৮২ |

বিশ্লেষণঃ

উপরের চিত্র-৩ বিশ্লেষণ করলে দেখা যায় যে, জানুয়ারি-জুন, ২০১৮ ষান্মাষিকের চেয়ে জুলাই-ডিসেম্বর, ২০১৮ ষান্মাষিকে প্রায় সব খাতেই ব্যাংকসমূহের সিএসআর ব্যয় হ্রাস পেয়েছে । তবে স্বাস্থ্য, সংস্কৃতি, পরিবেশ এবং অবকাঠামোগত উন্নয়ন খাতে সিএসআর ব্যয়ের পরিমাণ জানুয়ারি-জুন, ২০১৮ এর চেয়ে জুলাই-ডিসেম্বর, ২০১৮ ষান্মাষিকে কিছুটা বৃদ্ধি পেয়েছে ।

### ৩.১.৭. সিএসআর ব্যয়বিহীন/অনুল্লেখযোগ্য সিএসআর সংশ্লিষ্ট তফসিলি ব্যাংকসমূহঃ

দেশে কার্যরত ৫৭ টি তফসিলি ব্যাংকসমূহের মধ্যে জুলাই-ডিসেম্বর, ২০১৮ ষান্মাষিকে ০৬(ছয়)টি ব্যাংক (অগ্রণী ব্যাংক লিঃ, বাংলাদেশ কৃষি ব্যাংক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিঃ, আইসিবি ইসলামিক ব্যাংক লিঃ এবং ন্যাশনাল ব্যাংক অব পাকিস্তান) কর্পোরেট সামাজিক দায়বদ্ধতা কার্যক্রমের আওতায় সিএসআর খাতে কোনরূপ ব্যয় করেনি। অপরদিকে এ ষান্মাষিকে বেসিক ব্যাংক লিঃ, মিডল্যান্ড ব্যাংক লিঃ, সীমান্ত ব্যাংক লিঃ, কমার্শিয়াল ব্যাংক অব সিলন পিএলসি, হাবিব ব্যাংক লিঃ, স্টেট ব্যাংক অব ইন্ডিয়া এবং উরি ব্যাংক এর সিএসআর ব্যয়ের পরিমাণ ছিল অতি নগণ্য।

## ৩.২. জুলাই-ডিসেম্বর, ২০১৮ ষান্মাষিক ভিত্তিক আর্থিক প্রতিষ্ঠানসমূহের সিএসআর কার্যক্রম:


বাংলাদেশে কার্যরত ৩৪টি আর্থিক প্রতিষ্ঠানের মধ্যে ১৭টি আর্থিক প্রতিষ্ঠান জুলাই-ডিসেম্বর, ২০১৮ ষান্মাষিকে সিএসআর খাতে ব্যয় করেছে। জুলাই-ডিসেম্বর, ২০১৮ ষান্মাষিকে আর্থিক প্রতিষ্ঠানসমূহ কর্তৃক সিএসআর খাতে মোট ব্যয়ের পরিমাণ টাকা ২.৪৭ কোটি (টাকা দুই কোটি সাতচল্লিশ লক্ষ মাত্র)। আর্থিক প্রতিষ্ঠানসমূহ কর্তৃক সিএসআর কার্যক্রম সংক্রান্ত দাখিলকৃত জুলাই-ডিসেম্বর, ২০১৮ ভিত্তিক ষান্মাসিক বিবরণী পর্যালোচনাপূর্বক সার্বিক অবস্থা ছক-৬ এবং চিত্র-৪ এর মাধ্যমে তুলে ধরা হলো।

ছক-৬ ঃ আর্থিক প্রতিষ্ঠানসমূহের জুলাই-ডিসেম্বর, ২০১৮ ভিত্তিক সিএসআর কার্যক্রমের ষান্মাসিক বিবরণী (কোটি টাকায়)

| ক্রম | আর্থিক প্রতিষ্ঠানসমূহের নাম | শিক্ষা | স্বাস্থ্য | দুর্যোগ ব্যবস্থাপনা | পরিবেশ | সংস্কৃতি | অব-কাঠামো উন্নয়ন | আয় উৎসারী | অন্যান্য | মোট | শিক্ষা হার (%) | স্বাস্থ্য হার (%) | জলবায়ু ঝুঁকি তহবিলের হার (%) (৩+৪) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ |
| ১ | অগ্রণী এসএমই ফাইন্যান্সিং কোম্পানী লি: | - | - | - | - | - | - | - | - | - | - | - | - |
| ২ | বাংলাদেশ ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট কোম্পানী লি: | ০.০৪ | - | - | - | ০.০২ | - | - | - | ০.০৬ | ৬৬.৬৭ | - | - |
| ৩ | বাংলাদেশ ইন্ডাস্ট্রিয়াল ফাইন্যান্স কোম্পানী লি: | - | - | - | - | - | - | - | - | - | - | - | - |
| ৪ | বাংলাদেশ ইনফ্রাস্ট্রাক্চার ফাইন্যান্স ফান্ড লি: | ০.০১ | ০.০৭ | ০.১০ | - | - | - | - | - | ০.১৮ | ৫.৫৬ | ৩৮.৮৯ | ৫৫.৫৬ |
| ৫ | বে লিজিং এন্ড ইনভেস্টমেন্ট লি: | - | - | ০.০৫ | - | - | - | - | - | ০.০৫ | - | - | ১০০.০০ |
| ৬ | সিএপিএম ভেঞ্চার ক্যাপিটাল এন্ড ফাইন্যান্স লি: | - | - | - | - | - | - | - | - | - | - | - | - |
| ৭ | ডেল্টা ব্র্যাক হাউজিং ফাইন্যান্স কর্পোরেশন লি: | - | - | - | - | - | - | - | - | - | - | - | - |
| ৮ | ফারইস্ট ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লি: | - | - | - | - | - | - | - | - | - | - | - | - |
| ৯ | এফএএস ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লি: | ০.০১ | - | - | - | ০.০৩ | - | - | - | ০.০৪ | ২৫.০০ | - | - |
| ১০ | ফার্স্ট ফাইন্যান্স লি: | - | - | - | - | - | - | - | - | - | - | - | - |
| ১১ | জিএসপি ফাইন্যান্স কোম্পানী (বাংলাদেশ) লি: | - | - | - | - | - | - | - | - | - | - | - | - |
| ১২ | হজ্ব ফাইন্যান্স কোম্পানী লি: | - | - | - | - | - | - | - | - | - | - | - | - |
| ১৩ | আইডিএলসি ফাইন্যান্স লি: | ০.৫৪ | ০.৫৩ | - | - | ০.০৯ | - | - | - | ১.১৬ | ৪৬.৫৫ | ৪৫.৬৯ | - |
| ১৪ | ইন্ডাস্ট্রিয়াল এন্ড ইনফ্রাস্ট্রাক্চার ডেভেলপমেন্ট ফাইন্যান্স কোম্পানী লি: | - | - | ০.০৩ | - | - | - | - | ০.০২ | ০.০৫ | - | - | ৬০.০০ |
| ১৫ | ইনফ্রাস্ট্রাক্চার ডেভেলপমেন্ট কোম্পানী লি: | - | ০.০১ | - | - | - | - | - | ০.০৩ | ০.০৪ | - | ২৫.০০ | - |
| ১৬ | ইন্টারন্যাশনাল লিজিং এন্ড ফাইন্যান্সিয়াল সার্ভিসেস লি: | - | - | - | - | - | - | - | - | - | - | - | - |
| ১৭ | আইপিডিসি ফাইন্যান্স লি: | ০.০১ | ০.১৪ | - | ০.০৯ | - | - | - | - | ০.২৪ | ৪.১৭ | ৫৮.৩৩ | - |
| ১৮ | ইসলামিক ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লি: | - | - | - | - | - | - | - | - | - | - | - | - |
| ১৯ | লংকাবাংলা ফাইন্যান্স লি: | ০.০৬ | - | - | ০.০৫ | - | - | - | ০.০৩ | ০.১৪ | ৪২.৮৬ | - | - |
| ২০ | মেরিডিয়ান ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লি: | ০.০১ | - | ০.০১ | - | - | - | - | - | ০.০২ | ৫০.০০ | - | ৫০.০০ |
| ২১ | মাইডাস ফাইন্যান্সিং লি: | - | - | ০.০১ | ০.০৩ | - | - | - | ০.০২ | ০.০৬ | - | - | ১৬.৬৭ |
| ২২ | ন্যাশনাল ফাইন্যান্স লি: | - | - | - | - | - | - | - | - | - | - | - | - |
| ২৩ | ন্যাশনাল হাউজিং ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্টস্ লি: | - | - | - | - | - | - | - | - | - | - | - | - |
| ২৪ | পিপল্স লিজিং এন্ড ফাইন্যান্সিয়াল সার্ভিসেস লি: | ০.০১ | ০.০১ | - | - | - | - | - | - | ০.০২ | ৫০.০০ | ৫০.০০ | - |
| ২৫ | ফনিক্স ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লি: | ০.০১ | ০.০১ | ০.০৩ | - | - | - | - | - | ০.০৫ | ২০.০০ | ২০.০০ | ৬০.০০ |
| ২৬ | প্রিমিয়ার লিজিং এন্ড ফাইন্যান্স লি: | - | - | - | - | - | - | - | ০.০৩ | ০.০৩ | - | - | - |
| ২৭ | প্রাইম ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লি: | - | - | - | - | - | - | - | - | - | - | - | - |
| ২৮ | রিলায়েন্স ফাইন্যান্স লি: | - | - | - | - | - | - | - | - | - | - | - | - |

| ছক-৬ ঃ আর্থিক প্রতিষ্ঠানসমূহের জুলাই-ডিসেম্বর, ২০১৮ ভিত্তিক সিএসআর কার্যক্রমের ষান্মাসিক বিবরণী (কোটি টাকায়) | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ক্রম | আর্থিক প্রতিষ্ঠানসমূহের নাম | শিক্ষা | স্বাস্থ্য | দুর্যোগ ব্যবস্থাপনা | পরিবেশ | সংস্কৃতি | অব-কাঠামো উন্নয়ন | আয় উৎসারী | অন্যান্য | মোট | শিক্ষা হার (%) | স্বাস্থ্য হার (%) | জলবায়ু ঝুঁকি তহবিলের হার (%) (৩+৪) |
| | | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ |
| ২৯ | সউদি বাংলাদেশ ইন্ডাস্ট্রিয়াল এন্ড এগ্রিকালচারাল ইনভেস্টমেন্ট কোম্পানী লি: | ০.০৪ | ০.০৬ | - | - | - | - | - | ০.০৫ | ০.১৫ | ২৬.৬৭ | ৪০.০০ | - |
| ৩০ | দি ইউএই বাংলাদেশ ইনভেস্টমেন্ট কোম্পানী লি: | ০.০২ | ০.০৫ | ০.০৪ | - | - | - | - | - | ০.১১ | ১৮.১৮ | ৪৫.৪৫ | ৩৬.৩৬ |
| ৩১ | ইউনিয়ন ক্যাপিটাল লি: | ০.০৪ | - | - | - | - | - | - | ০.০৩ | ০.০৭ | ৫৭.১৪ | - | - |
| ৩২ | ইউনাইটেড ফাইন্যান্স লি: | - | - | - | - | - | - | - | - | - | - | - | - |
| ৩৩ | উত্তরা ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লি: | - | - | - | - | - | - | - | - | - | - | - | - |
| ৩৪ | লংকান এ্যালায়েন্স ফাইন্যান্স লি: | - | - | - | - | - | - | - | - | - | - | - | - |
| মোট: | | ০.৮০ | ০.৮৮ | ০.২৭ | ০.০৮ | ০.২৩ | ০.০০ | ০.০০ | ০.২১ | ২.৪৭ | | | |
| শতকরা হার (%) | | ৩২.৩৯ | ৩৫.৬৩ | ১০.৯০ | ৩.২৪ | ৯.৩১ | ০.০০ | ০.০০ | ৮.৫০ | ১০০.০০ | | | |

**চিত্র- ৪ঃ জুলাই-ডিসেম্বর, ২০১৮ ভিত্তিক আর্থিক প্রতিষ্ঠানসমূহের খাতওয়ারি সিএসআর ব্যয়**




বিশ্লেষণ: ছক-৬ ও চিত্র-৪ পর্যালোচনায় দেখা যায় যে, দেশের আর্থিক প্রতিষ্ঠানসমূহ জুলাই-ডিসেম্বর, ২০১৮ ষান্মাষিকে সিএসআর খাতে মোট টাকা ২.৪৭ কোটি (টাকা দুই কোটি সাতচল্লিশ লক্ষ মাত্র) ব্যয় করেছে। উক্ত সময়ে আর্থিক প্রতিষ্ঠানসমূহ স্বাস্থ্য খাতে সর্বোচ্চ টাকা ০.৮৮ কোটি (৩৫.৬৩%) এবং শিক্ষা খাতে দ্বিতীয় সর্বোচ্চ টাকা ০.৮০ কোটি (৩২.৩৯%) সিএসআর বাবদ ব্যয় করেছে। তাছাড়া অন্যান্য খাতসমূহের মধ্যে দুর্যোগ ব্যবস্থাপনা খাতে টাকা ০.২৭ কোটি (১০.৯০%), সংস্কৃতি খাতে টাকা ০.২৩ কোটি (৯.৩১%) এবং অন্যান্য খাতে (Others) টাকা ০.২১ কোটি (৮.৫০%) সিএসআর বাবদ ব্যয় করা হয়েছে। অপরদিকে, আলোচ্য সময়ে আর্থিক প্রতিষ্ঠানসমূহ কর্তৃক অবকাঠামোগত উন্নয়ন এবং আয় উৎসারী খাতে সিএসআর বাবদ কোনরূপ ব্যয় করা হয়নি।

### ৩.২.১. শিক্ষাখাতে আর্থিক প্রতিষ্ঠানসমূহের সিএসআর ব্যয়ের হার:

জুলাই-ডিসেম্বর, ২০১৮ ষান্মাষিকে ৩৪টি আর্থিক প্রতিষ্ঠানের মধ্যে ২২টি আর্থিক প্রতিষ্ঠান শিক্ষাখাতে কোনরূপ ব্যয় করেনি। ০৬টি আর্থিক প্রতিষ্ঠান নিজ মোট সিএসআর ব্যয়ের ৩০% এর অধিক শিক্ষাখাতে ব্যয় করেছে। অপরদিকে ০৬টি আর্থিক প্রতিষ্ঠান নিজ মোট সিএসআর ব্যয়ের ৪%-৩০% শিক্ষা খাতে ব্যয় করেছে।

### ৩.২.২. স্বাস্থ্য খাতে আর্থিক প্রতিষ্ঠানসমূহের সিএসআর ব্যয়ের হারঃ

জুলাই-ডিসেম্বর, ২০১৮ ষান্মাষিকে ৩৪টি আর্থিক প্রতিষ্ঠানের মধ্যে মাত্র ০৮টি আর্থিক প্রতিষ্ঠান স্বাস্থ্য খাতে সিএসআর বাবদ অর্থ ব্যয় করেছে। উক্ত ০৮টি আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক স্বাস্থ্য খাতে সিএসআর ব্যয়ের পরিমাণ তাদের স্ব-স্ব মোট সিএসআর ব্যয়ের ২০% এর অধিক।


### ৩.২.৩. জলবায়ু ঝুঁকি তহবিল খাতে আর্থিক প্রতিষ্ঠানসমূহের সিএসআর ব্যয়ের হারঃ

দুর্যোগ ব্যবস্থাপনা এবং পরিবেশ এ দুটি খাত মূলত জলবায়ু ঝুঁকি তহবিল সংশ্লিষ্ট খাত। জুলাই-ডিসেম্বর, ২০১৮ ষান্মাষিকে দেশের ৩৪টি আর্থিক প্রতিষ্ঠানের মধ্যে ২৭টি আর্থিক প্রতিষ্ঠান এ খাতে কোনরূপ অর্থ ব্যয় করেনি। তবে, যে ০৭টি আর্থিক প্রতিষ্ঠান এ খাতে সিএসআর বাবদ ব্যয় করেছে তা তাদের মোট সিএসআর ব্যয়ের ১০% এর বেশি জলবায়ু ঝুঁকি তহবিল খাতে ব্যয় করেছে।

### ৩.২.৪. ষান্মাষিক ভিত্তিক তুলনামূলক ব্যয়ঃ

জানুয়ারি-জুন, ২০১৮ ষান্মাষিকে আর্থিক প্রতিষ্ঠানসমূহ কর্তৃক সিএসআর খাতে মোট ব্যয়ের পরিমাণ ছিল মোট টাকা ১.৫৭ কোটি (টাকা এক কোটি সাতান্ন লক্ষ মাত্র)। অন্যদিকে জুলাই-ডিসেম্বর, ২০১৮ ষান্মাষিকে আর্থিক প্রতিষ্ঠানসমূহ কর্তৃক সিএসআর খাতে মোট ব্যয়ের পরিমাণ মোট টাকা ২.৪৭ কোটি (টাকা দুই কোটি সাতচল্লিশ লক্ষ মাত্র)। অর্থাৎ জুলাই-ডিসেম্বর, ২০১৮ ষান্মাষিকে আর্থিক প্রতিষ্ঠানসমূহ কর্তৃক সিএসআর খাতে মোট ব্যয়ের পরিমাণ টাকা ০.৯০ কোটি (টাকা নব্বই লক্ষ মাত্র) বৃদ্ধি পেয়েছে । আর্থিক প্রতিষ্ঠানসমূহের জানুয়ারি-জুন, ২০১৮ এবং জুলাই-ডিসেম্বর, ২০১৮ ষান্মাষিক ভিত্তিক সিএসআর এর তুলনামূলক ব্যয় চিত্র-৫ এর মাধ্যমে নিম্নে উপস্থাপন করা হল।

চিত্র-৫ঃ আর্থিক প্রতিষ্ঠানের ষান্মাষিক ভিত্তিক সিএসআর এর তুলনামূলক ব্যয় (কোটি টাকায়)




## ৪. জুলাই-ডিসেম্বর, ২০১৮ ষান্মাসিকে তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের সিএসআর কার্যক্রমের সারসংক্ষেপঃ

- জুলাই-ডিসেম্বর, ২০১৮ ষান্মাসিকে তফসিলি ব্যাংকসমূহ সমন্বিতভাবে মোট টাকা ২৭৭.৫০ কোটি (টাকা দুইশত সাতাত্তর কোটি পঞ্চাশ লক্ষ মাত্র) সিএসআর হিসেবে বিভিন্ন খাতে ব্যয় করেছে।
- জুলাই-ডিসেম্বর, ২০১৮ ষান্মাসিকে শিক্ষা খাতে ব্যাংকসমূহ কর্তৃক সর্বোচ্চ পরিমাণে সিএসআর বাবদ ব্যয় করা হয়েছে, যার পরিমাণ টাকা ১০৭.৮৫ কোটি (টাকা একশত সাত কোটি পঁচাশি লক্ষ মাত্র) এবং যা ব্যাংকসমূহের মোট সিএসআর ব্যয়ের ৩৮.৮৬%।
- জুলাই-ডিসেম্বর, ২০১৮ ষান্মাসিকে তফসিলি ব্যাংকসমূহের দুর্যোগ ব্যবস্থাপনা খাতে দ্বিতীয় সর্বোচ্চ সিএসআর বাবদ ব্যয়ের পরিমাণ টাকা ৮৪.০৩ কোটি (টাকা চুরাশি কোটি তিন লক্ষ মাত্র), যা মোট সিএসআর ব্যয়ের ৩০.২৮%।
- জুলাই-ডিসেম্বর, ২০১৮ ষান্মাসিকে ব্যাংকসমূহের অন্যান্য উল্লেখযোগ্য সিএসআর ব্যয়ের খাতসমূহ হলো স্বাস্থ্য খাতে টাকা ৩০.১৫ কোটি (১০.৮৬%), সংস্কৃতি খাতে টাকা ২৯.৪০ কোটি (১০.৫৯%) এবং অন্যান্য খাতে (Others) টাকা ২২.৯৭ কোটি (৮.২৮%)।
- জুলাই-ডিসেম্বর, ২০১৮ ষান্মাসিকে আর্থিক প্রতিষ্ঠানসমূহ সমন্বিতভাবে মোট টাকা ২.৪৭ কোটি (টাকা দুই কোটি সাতচল্লিশ লক্ষ মাত্র) সিএসআর হিসেবে বিভিন্ন খাতে ব্যয় করেছে।
- জুলাই-ডিসেম্বর, ২০১৮ ষান্মাসিকে আর্থিক প্রতিষ্ঠানসমূহ কর্তৃক স্বাস্থ্য খাতে সর্বোচ্চ পরিমাণে সিএসআর বাবদ ব্যয় করা হয়েছে, যার পরিমাণ টাকা ০.৮৮ কোটি (টাকা আটাশি লক্ষ মাত্র) এবং যা আর্থিক প্রতিষ্ঠানসমূহের মোট সিএসআর ব্যয়ের ৩৫.৬৩%।

--------------------------